বিজয়ের মাস

অক্টোবর-ডিসেম্বর ২০২৫ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা




NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**অক্টোবর-ডিসেম্বর ২০২৫ সংখ্যা**

## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড নিয়মিতভাবে কোম্পানির কর্মকান্ডের তথ্য সকলের জ্ঞাতার্থে প্রকাশ করে আসছে। এ ধারাবাহিকতায় কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ, বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম এবং বিভিন্ন সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর ২০২৫-২০২৬ অর্থবছরের ২য় সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে। এ সংখ্যায় কোম্পানির বিভিন্ন কার্যক্রম তুলে ধরা হয়েছে। যাতে করে জনসাধারণ অত্র কোম্পানির জনকল্যাণমূলক কর্মকাণ্ড সম্পর্কে অবহিত হতে পারে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে বৈশ্বিক জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করতে বদ্ধপরিকর। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বেও নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। মহান বিজয়ের এ মাসে এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২৫-২০২৬ অর্থবছরের ২য় সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। বিজয়ের এ মাসে মুক্তিযুদ্ধে শহীদ সকল মুক্তিযোদ্ধাদের শ্রদ্ধাভরে স্মরণ করছি। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

**উপদেষ্টামন্ডলী**

**এস. এম. হাবীবুর রহমান সিদ্দিক**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ মোশাররফ হোসেন**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

**প্রকাশক**
**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

**সমন্বয়ক**
**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**সহকারী সম্পাদক**
**আখতার মাহমুদ**
উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/

# স্বাগত বক্তব্য



প্রকৌ. হাসিবুল হাসান, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল

আমি অত্যন্ত আনন্দিত যে মহান বিজয়ের এ মাসে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২৫-২৬ অর্থ বছরে 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর ২য় সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন, সাফল্যের চিত্র সংক্রান্ত কার্যক্রমের সংবাদ জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়ে থাকে এই ত্রৈমাসিক প্রকাশনায়। 'এনডব্লিপিজিসিএল বার্তা'র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগণের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি।

পরিশেষে, আমি 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং একই সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচীপত্র


কোম্পানি পরিচিতি ৪

এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ ৫

বিজয় দিবস ২০২৫ উদযাপন ৬

কোম্পানির ১৮তম বার্ষিক সাধারণ সভা আয়োজন ৭

খুলনা সার্কিট হাউজে কোম্পানির বোর্ডসভা আয়োজন ৮

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ ৯

ভেড়ামারা ফুটবল টুর্নামেন্ট ২০২৫ ১০

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম ১১

মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম ১৪

# কোম্পানি পরিচিতি

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে।

কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ১০ (দশ) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন ক্ষমতা ৩১৩১.১৩ মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে।

আশা করা যায়, ২০৩৫ সালের মধ্যে কোম্পানি ১০,০০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, সচিব, জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রকৌশলী হাসিবুল হাসান।

# এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪ |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬ |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭ |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | ফেব্রুয়ারী ২০১৮ |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯ |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | এপ্রিল ২০১৯ |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯ |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | কয়লা | ১২৪৪ | ১ম ইউনিটঃ মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০ |
| ৯ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬.১৩ | ৩০ মার্চ ২০২১ |
| ১০ | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক (যৌথ মালিকানা) | --- | ৬৮ | **সেপ্টেম্বর ২০২৪** |
| ১১ | পাবনা ৬৪ মেঃওঃ সোলার পার্ক (যৌথ মালিকানা) | --- | ৬৪.৫৫ | **আগস্ট ২০২৫** |
| | **বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা** | | **৩১৯৫.৬৮ মেঃওঃ** | |

# বিজয় দিবস ২০২৫ উদযাপন

১৬ ডিসেম্বর ২০২৫ মহান বিজয় দিবস উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর আওতাধীন বিদ্যুৎ কেন্দসমূহে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণ, শহীদ বীর মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফিরাত এবং মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগ্রতি কামনা করে বিদ্যুৎ কেন্দ্রের মসজিদে বিশেষ মোনাজাত ইত্যাদি কার্যক্রমের আয়োজন করা হয়।

এছাড়া, মহান বিজয় দিবস–২০২৫ উপলক্ষে সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের অংশগ্রহণে উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র ও পাওয়ার গ্রীড, ভেড়ামারার মধ্যে একটি প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়।









# কোম্পানির ১৮তম বার্ষিক সাধারণ সভা আয়োজন

গত ১৫ ডিসেম্বর, ২০২৫ তারিখে বিজয় হল, বিদ্যুৎ ভবন-এ নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এর ১৮তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডার, পরিচালকমন্ডলী এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উক্ত সভায় কোম্পানির পক্ষ থেকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে ৫৫ (পঞ্চান্ন) কোটি টাকার ডিভিডেন্ড প্রদান করা হয়। মাননীয় শেয়ারহোল্ডারগণ ও পরিচালকমন্ডলী কোম্পানির অগ্রগতি অব্যাহত রাখতে নানান দিক-নির্দেশনা প্রদান করেন ও কোম্পানিকে ভবিষ্যত চ্যালেঞ্জ মোকাবেলায় তৎপর হওয়ার পরামর্শ প্রদান করেন।



# খুলনা সার্কিট হাউজে কোম্পানির বোর্ডসভা আয়োজন

১৬ অক্টোবর, ২০২৫ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) এর সম্মানিত পরিচালনা পর্ষদ বাগেরহাট, খুলনায় অবস্থিত কোম্পানির মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন

১৭ অক্টোবর, ২০২৫ তারিখে কোম্পানির সম্মানিত পরিচালনা পর্ষদ খুলনায় অবস্থিত রুপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প-এর অগ্রগতি পরিদর্শন করেন এবং উক্ত পরিদর্শন শেষে খুলনা সার্কিট হাউজে কোম্পানির ২০২৫ সালের ১৩তম বোর্ড সভায় অংশগ্রহণ করেন।









# সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ এবং বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে ইনডোর গেমসে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ অনুষ্ঠান গত ১২ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। এছাড়া, ১৩ ডিসেম্বর ২০২৫ তারিখে সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের এসপিএস প্রিমিয়ার লীগ–২০২৫ এর ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌ: হাসিবুল হাসান মহোদয়।








# ভেড়ামারা ফুটবল টুর্নামেন্ট ২০২৫

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর আওতাধীন ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি-এর ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আওতায় ফুটবল টুর্নামেন্ট ২০২৫ এর শুভ উদ্বোধন ১৫/১১/২০২৫ ইং তারিখ রোজ শনিবার বিদ্যুৎ কেন্দ্রের খেলার মাঠে অনুষ্ঠিত হয়।

উক্ত ফুটবল টুর্নামেন্ট- এর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ হাসিবুল হাসান মহোদয়। বিসিসিপি টারবাইন, বিসিসিপি ট্রান্সফর্মার, বিসিসিপি জেনারেটর ও বিসিসিপি বুস্টার নামে মোট ০৪ (চার) দলের অংশগ্রহণে ফুটবল টুর্নামেন্টটি অনুষ্ঠিত হচ্ছে। উদ্বোধনী খেলায় অংশগ্রহণ করে বিসিসিপি টারবাইন ও বিসিসিপি ট্রান্সফর্মার।











## ১.১ - HP main steam drain valve প্রতিস্থাপন


HP main steam drain valve -এ Passing থাকায় উক্ত valve পরিবর্তন করে নতুন valve লাগানো হয়। উক্ত কাজের কিছু স্থিরচিত্র:




চিত্র ১.১.১: Welded Valve কাটা হচ্ছে



চিত্র ১.১.২: Weldingকরার জন্য Pipe Surface প্রিপারেশন



চিত্র ১.১.৩: Welding করার জন্য Valve Surface প্রিপারেশন



চিত্র ১.১.৪: Valve Welding করা হচ্ছে

## ১.২ - LP Evaporator Tube-এর leakage মেরামত

স্ক্যাফোল্ডিং করার মাধ্যমে LP Evaporator Tube-এর (উপরের header- এর Tube, যা ভূমি থেকে প্রায় ২০ মি. উচুতে অবস্থিত) leakage, welding করে মেরামত করা হয়। উক্ত কাজের কিছু স্থিরচিত্র:




চিত্র ১.২.১: Welding করার জন্য pipe surface প্রিপারেশন করা হচ্ছে।



চিত্র ১.২.২: Welding করা হচ্ছে।

## ১.৩ - HP Feed Water-এর Recycle Line মেরামত

HP Feed Water-এর Recycle Line-এ (LP Drum Return Line) Leakage থাকায় উক্ত Pipe মেরামত করা হয়। উক্ত কাজের কিছু স্থিরচিত্র:




চিত্র ১.৩.১: Welding করা হচ্ছে।



চিত্র ১.৩.২: Welding-এর পর Insulation লাগানো হচ্ছে।

## ১.৪- CW Pump Inlet Valve-এর Heavy Weight Actuator প্রতিস্থাপন এবং Calibration

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) CW Pump-2 এর Inlet Valve Heavy Weight Actuator প্রতিস্থাপন এবং Calibration কাজের কিছু স্থিরচিত্র:



চিত্র ১.৪.১: CW Pump Inlet Valve-এর Heavy Weight Actuator প্রতিস্থাপন এবং Calibration-এর প্রস্তুতি নেয়া হচ্ছে।



চিত্র ১.৪.২: CW Pump Inlet Valve-এর Heavy Weight Actuator প্রতিস্থাপন এবং Calibration করা হচ্ছে।

## ১.৫ - WTP-এর 3-Phase heater মেরামত

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) WTP-এর 3-Phase heater মেরামত করা হয়। উক্ত কাজের কিছু স্থিরচিত্র:




চিত্র ১.৫.১: WTP-এর 3-Phase heater



চিত্র ১.৫.২: WTP-এর 3-Phase heater মেরামত করা হচ্ছে।

## মেকানিক্যাল মেইন্টেন্যান্স কাজের ছবি

১। Engine #4 Oil mist separator এ low air circulation এর কারণে তাপমাত্রা বেড়ে যাচ্ছে, ফলে Oil mist separator VFD ট্রিপ করে যাচ্ছে। উক্ত সমস্যা সমাধানের জন্য Oil mist separator এর সম্মুখে একটা ventilation fan স্থাপন করা হয়।





**Picture:** Support ব্যাবহার করে Ventilation fan স্থাপন করা হচ্ছে





**Picture:** Duct তৈরির জন্য Aluminium sheet কাটা হচ্ছে

২। Engine driven fire pump এর Exhaust line উহার Silencer এর সাথে সংযুক্ত না থাকায় Engine start করলে সেখান থেকে অনেক Exhaust বের হয়। সে কারণে উক্ত সংযোগ স্থলে Welding করে ছিদ্র বন্ধ করা হয়।



**Picture:** Exhaust silencer সংযোগ এর Facing surface পরিষ্কার করা হচ্ছে

# ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স কাজের ছবি

১. ৬ মাস অন্তর HFO (Heavy Fuel Oil) স্থানান্তর পাম্প, HFO সেপারেটর ইউনিট-১, ২ এবং HFO ফিডার ইউনিট-১ এর রক্ষণাবেক্ষণের কাজ সম্পন্ন করা হয়েছে। কাজের তালিকা নিচে দেওয়া হলো:

- মোটর পরিষ্কারকরণ: সকল মোটরের কুলিং ফ্যান (motors cooling fan) এবং সার্ফেস বডি (surface body) পরিষ্কার করা হয়েছে।
- প্যানেল ও ভিএফডি (VFD) পরিষ্কারকরণ: সকল প্যানেল (panels) এবং ভিএফডি (VFD) পরিষ্কার করা হয়েছে।
- পাওয়ার কানেকশন টাইটনেস চেকিং: সকল পাওয়ার কানেকশনের (power connection) টাইটনেস (tightness) পরীক্ষা করা হয়েছে ও যথাযথ পাওয়া গেছে।



চিত্রঃ মোটর সার্ভিসিং ও ওয়াইন্ডিং রেসিস্ট্যান্স পরিমাপ করার সময়

২. ইঞ্জিন ৫ এবং ৬ এর L2 schedule maintenance এর আওতায় Stator এবং rotor winding পরিষ্কার করা হয়েছে। Anti-condensating heater পরিদর্শন করা হয়েছে এবং এর resistance ও current পরিমাপ করা হয়েছে। সবকিছু স্বাভাবিক পাওয়া গেছে। Rotor pole surface body পরিদর্শন করে কিছু জায়গায় মরিচা (rust) পাওয়া গেছে ও তা পরিষ্কার করা হয়েছে। Diode-এর অবস্থা পরীক্ষা করা হয়েছে এবং ঠিক পাওয়া গেছে। সকল temperature sensor-এর resistance পরিমাপ করা হয়েছে এবং সবকিছু স্বাভাবিক পাওয়া গেছে।




চিত্রঃ ইঞ্জিন ৫ এবং ৬ এর L2 schedule maintenance এর কাজের সময়

৩. WTP (Water Treatment Plant) সিস্টেমের পাম্প মোটরগুলি (pump motors) পরিষ্কার করা হয়েছে। প্রথমে RO-1 কন্টেইনারের মোটরগুলিতে রেড অক্সাইড (Red oxide) প্রয়োগ করা হয়েছে। তারপর সিলভার রঙের পেইন্ট (silver colour paint) লাগানো হয়েছে। মোটরগুলির বডিতে পূর্বে জং ধরা (rusty) ছিল।



চিত্রঃ মোটর বডি সার্ভিসিং এর সময়

৪. ইঞ্জিন #৬ এর auxiliary system-এর ছয় মাস মেয়াদী schedule maintenance সম্পন্ন করা হয়েছে (যেমন: leak pump motor, turning gear motor, oil mist separator motor, CFE panel, CFC panel ইত্যাদি সার্ভিসিং করা)। সকল motor এবং cooling fan পরীক্ষা ও পরিষ্কার করা হয়েছে। সকল terminal connection পরীক্ষা করে টাইট দেওয়া হয়েছে। Motor-গুলোর current এবং vibration পরিমাপ করা হয়েছে ও যথাযথ পাওয়া গেছে।



চিত্রঃ ইঞ্জিন #৬ এর auxiliary system-এর maintenance কাজের সময়

অত্র এনডব্লিউপিজিসিএল বার্তায় অক্টোবর-ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে সংঘটিত কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যাবলীর সচিত্র তথ্যাবলী সকলের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো। তথ্যের অবাধ প্রবাহ সুনিশ্চিত করতে ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে এ ত্রৈমাসিক প্রকাশনা অনন্য ভূমিকা পালন করবে বলেই আমাদের বিশ্বাস। সকলের আগ্রহের প্রেক্ষিতে ভবিষ্যতেও 'এনডব্লিউপিজিসিএল বার্তা' প্রকাশিত হবে।

উল্লেখ্য, এখানে প্রকাশিত যাবতীয় তথ্যাদির মালিকানা নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ তথা বাংলাদেশ সরকারের। এখানে ব্যবহৃত তথ্যাদি/ছবি শুধুমাত্র সকলকে অবহিত করার জন্য প্রকাশিত হয়েছে। এর বাইরে এ সকল তথ্যাদি ও ছবি বিনাঅনুমতিতে ব্যবসায়িক কাজে ব্যবহারের নিমিত্ত কোনোরূপ মুদ্রণ বা প্রতিলিপি তৈরি করা যাবে না বা অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করা যাবে না।